গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

# হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, চাঁদপুর

স্থাপিত ঃ ১৮৮৫ইং, ইআইআইএন: ১০৩৪৯৬

টেলিফোন: ০২৩৩৪৪৮৭৩১৯, Email: headmasterhasanalischool@gmail.com , Web: www.haghs.edu.bd/


স্মারক নং:                                                                                 তারিখঃ ২১/০৭/২০২৬খ্রি.

## নোটিশ

এতদ্দ্বারা অত্র বিদ্যালয়ের দিবা ও প্রভাতি শাখার ১২-১৪ বছর বয়সী শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'নতুন কুড়ি স্পোর্টস' ২০২৬-২৭ আওতায় ১০ টি ইভেন্টে প্রতিযোগীতা উপলক্ষে আগামী ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের অনলাইনে রেজিষ্ট্রেশন করার জন্য নির্দেশ দেওয়া হলো।

রেজিষ্ট্রেশন লিংক https://notunkurisports.gov.bd/registration.php

রেজিষ্ট্রেশন লিংক এর QR কোড

২১/০৭/২০২৬খ্রি.

(মোঃ মমিনুল হক সর্দার)

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়

চাঁদপুর।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া হলে পেশা, পরিবার পাবে ভরসা

স্বপ্নের পথে, বিজয়ের সাথে

ক্রীড়া পরিদপ্তর

# রেজিস্ট্রেশন করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ফুটবল | ক্রিকেট | কাবাডি | অ্যাথলেটিক্স | ভলিবল |
| ব্যাডমিন্টন | দাবা | মার্শাল আর্ট | সাঁতার | টেবিল টেনিস |

**১০টি ইভেন্টে বালক ও বালিকাদের অংশগ্রহণের সুযোগ**

## আবেদনের নিয়মাবলি

### অংশগ্রহণের বয়সসীমা

১০ থেকে ১৪ বছর বয়সি ছাত্র-ছাত্রী (জন্মতারিখ : ০১.০৯.২০১২ থেকে ৩১.০৮.২০১৬-এর মধ্যে)

### আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

০১. অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ।
০২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
০৩. ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ভর্তি, রেজিস্ট্রেশন কার্ড/ প্রাথমিক বিদ্যালয়ে (৫ম শ্রেণি পর্যন্ত) অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের বার্ষিক পরীক্ষার ফলাফলের সত্যায়িত কপি।
০৪. স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক বর্তমান শ্রেণির সত্যায়িত টট লিস্ট এর কপি।
০৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

### ইভেন্টসমূহ

ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা
মার্শাল আর্ট (কারাতে, উশু, তাইকোয়ানডো, জুডো), সাঁতার,
ভলিবল ও টেবিল টেনিস।
(একজন সর্বোচ্চ দুটি খেলায় অংশ নিতে পারবে)

আয়োজনে
**ক্রীড়া পরিদপ্তর**
**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

### রেজিস্ট্রেশনের মেয়াদ

**১ জুলাই ২০২৬ থেকে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত**

**রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন:**
notunkurisports.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়
চাঁদপুর
www.sports.chandpur.gov.bd

স্মারক নং ৩৪.০২.২০১৩.০২৫.৯৯.০৬২.২৩-৮০

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: <u>"নতুন কুঁড়ি স্পোর্টস" কর্মসূচিতে অনলাইন রেজিস্ট্রেশনে সার্বিক সহযোগিতা ও বিদ্যালয়সমূহে বহুল প্রচার প্রসঙ্গে।</u>

উপর্যুক্ত বিষয়ের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তরের ব্যবস্থাপনায় সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের জন্য দেশের তৃণমূল থেকে জাতীয় পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ গড়ে তোলার লক্ষ্যে দেশব্যাপী 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি ২০২৬-২০২৭ সিজন-২ আগামী সেপ্টেম্বর মাসে ইউনিয়ন দল নিয়ে উপজেলা পর্যায় থেকে শুরু হয়ে জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত হবে। লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার মাধ্যমে ১২-১৪ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের সুপ্ত ক্রীড়া প্রতিভা অন্বেষণ, বাছাই এবং রাষ্ট্রীয়ভাবে তাদের মেধাবিকাশের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে দেশব্যাপী ০১ জুলাই ২০৩৬ হতে অনলাইন রেজিস্ট্রেশন শুরু হয়েছে চলবে আগামী ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত। উক্ত প্রতিযোগিতায় স্বতঃস্ফূর্তভাবে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচার-প্রচারণা এবং www.notunkurisports.gov.bd লিংকে আগ্রহী শিক্ষার্থী খেলোয়াড়দের ৩১ আগস্ট ২০২৬এর মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্নকরণে <u>সার্বিক সহযোগিতা ও বিদ্যালয়সমূহে বহুল প্রচার করার জন্য</u> নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনলাইন রেজিস্ট্রেশন করার প্রয়োজনীয় কাগজপত্র ও শর্তাবলী:

ক। ০১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩১ আগস্ট ২০১৪ পর্যন্ত এর মধ্যে জন্মগ্রহণকারী শিক্ষার্থী খেলোয়াড় রেজিস্ট্রেশন করতে পারবে।
খ। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, অনলাইন জন্মনিবন্ধন কপি, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছবিযুক্ত প্রত্যয়নপত্র, ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ছবিযুক্ত রেজিস্ট্রেশন কার্ড, অভিভাবকের জাতীয় পরিচয়পত্র এবং অভিভাকের সম্মতিপত্র আবশ্যক।

(মোঃ আফাজ উদ্দিন)
জেলা ক্রীড়া অফিসার
চাঁদপুর
০১৭৪৩-১১২৫৫০

উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁদপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চাঁদপুর সদর, চাঁদপুর
www.sadar.chandpur.gov.bd

স্মারক নং ০৫.৪২.১৩২২.০০০.০৩.০০৫.০০০৩.২৬-১০৮১

তারিখ: ১৬/০৭/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "নতুন কুড়ি স্পোর্টস" কর্মসূচিতে রেজিস্ট্রেশনে সার্বিক সহযোগিতা ও বিদ্যালয়সমূহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(এস.এম.এন. জামিউল হিকমা)
উপজেলা নিবাহী অফিসার
চাঁদপুর সদর, চাঁদপুর
মোবাইল: ০১৭৩০-০৬৭০৬০
Email:unochandpursadr@gmail.com

১। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
চাঁদপুর সদর, চাঁদপুর
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
চাঁদপুর সদর, চাঁদপুর
৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার
চাঁদপুর সদর, চাঁদপুর

CamScanner